দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 NOV 2016 ...
পৃষ্ঠা ...২৪... কলাম ...৬...

# গৌরীপুরে এসএসসির টেস্টে ফেলের মাসুল ১৫শ' টাকা!

■ গৌরীপুর (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের গৌরীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে এসএসসি টেস্ট পরীক্ষায়
এক বিষয়ে ফেল করায় অভিভাবকদের গুনতে হচ্ছে ফেলের মাসুল ফি ১৫শ' টাকা!
গত মঙ্গলবার ফেল করা এসব শিক্ষার্থীর অভিভাবকদের ডেকে এনে এক সমাবেশ
করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. এনামুল হক সরকার। অভিভাবকরা জানান,
প্রধান শিক্ষক তাদের ডেকে এনে একটি ফরম দিয়ে বলেছেন ১৫শ' টাকা কোচিং
ফি বাবদ না দিলে এসব শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারবেন না।
অভিভাবকদের অভিপ্রায়ের প্রেক্ষিতেই স্বেচ্ছায় কোচিং করার জন্য একটি
আবেদনপত্রের ফরম দেয়া হয়েছে স্বীকার করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো.
এনামুল হক সরকার বলেন, ৬২ জন ছাত্রী এক বিষয়ে ফেল করেছে। ১৫শ' টাকা
দেয়ার সিদ্ধান্তও অভিভাবকদের। জোরপূর্বক কোনো সিদ্ধান্ত চাপিয়ে দেয়া হয়নি।
মিডিয়ায় এ সংবাদটি প্রচার হলে তাদের সন্তানদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ
অনিশ্চিত হয়ে পড়ার ভয়ে অভিভাবকরাও নাম প্রকাশে নারাজ। অপর প্রশ্নের উত্তরে
প্রধান শিক্ষক বলেন, এসব ছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি ১০ নভেম্বর
ম্যানেজিং কমিটির সভায় সিদ্ধান্ত নেয়া হবে। অভিভাবকদের এ সমাবেশ
সভাপতির অবগতিতেই করা হয়েছে।